

# নকল-র্যাগিং : একযোগে জবির অর্ধশতাধিক শিক্ষার্থীকে বহিষ্কার

সংবাদ অনলাইন রিপোর্ট

: বুধবার, ২৭ সেপ্টেম্বর ২০২৩



পরীক্ষায় নকল করা, র্যাগিং ও শিক্ষার্থী নিপীড়নসহ নানান অভিযোগে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে।

মঙ্গলবার (২৬ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের শৃঙ্খলা বোর্ডের ৬২তম সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

জানা গেছে, ভূমি ব্যবস্থাপনা ও আইন, পদার্থবিজ্ঞান, পরিসংখ্যান এবং রসায়নসহ বিভিন্ন বিভাগের প্রায় অর্ধশতাধিক শিক্ষার্থীকে নকল করায় কারও এক সেমিস্টার, কারও দুই সেমিস্টার বহিষ্কার করা হয়েছে। এ ছাড়া গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দুই শিক্ষার্থীকে র্যাগিংয়ের অপরাধে সাময়িক বহিষ্কার করা হয়েছে। পাশাপাশি পদার্থবিজ্ঞান বিভাগের ২০১৮-১৯

শিক্ষাবর্ষের আশিকুল ইসলাম আশিক নামে এক ছাত্রকে ঘোন নিপীড়নের অভিযোগে সাময়িক বহিষ্কার করা হয়েছে। তার বিরুদ্ধে একাধিক ছাত্রীকে ঘোন নিপীড়নের অভিযোগ রয়েছে।

এ বিষয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. মোস্তফা কামাল বলেন, অধিকাংশই পরীক্ষায় নকল করার জন্য বহিষ্কার হয়েছেন। কেউ নকল করলে এক সেমিস্টার বহিষ্কার করা হয়। আর যদি খাতা নেওয়ার সময় কোনো শিক্ষার্থী বাধা দেয়, তাহলে দুই সেমিস্টার বহিষ্কার করা হয়। এ ছাড়া অনেকের কাছে নকল পাওয়া গেছে; কিন্তু নকল করেনি এমন যারা আছে, তাদের কোর্স বাতিল করা হয়েছে।

## শীর্ষ সংবাদ

রাজধানীতে মাদকবিরোধী  
অভিযানে প্রেস্টার ২৮

প্রধানমন্ত্রীকে স্বাগত জানিয়েছে  
যুক্তরাজ্য আওয়ামী লীগ

যেভাবে শাটডাউন এড়লো যুক্তরাষ্ট্র

ভারতে টুরিস্ট বাস খাদে পড়ে  
নিহত ৮

জার্মানিতে অভিবাসন নীতি নিয়ে  
বাড়ে অসন্তোষ

জিরোনাকে হারিয়ে আবারও শীর্ষে  
রিয়াল মাদ্রিদ

ডেঙ্গুতে বছরে মোট আক্রান্তের ৪০  
শতাংশই সেপ্টেম্বরে

রোববার রাজধানীর যেসব  
দোকানপাট-মার্কেট বন্ধ

বাংলাদেশ-জাপান ১৫০০ মিলিয়ন  
ডলারের ঝণচুক্তি সহ

শাটডাউনের মুখ থেকে বেঁচে গেলো  
যুক্তরাষ্ট্র

মেঘনায় জলদস্যদের হামলায়  
গুলিবিন্দু আরেক জেলের মৃত্যু

টিভিতে আজকের খেলার সূচি

মালদ্বীপের নতুন প্রেসিডেন্ট  
'ভারতবিরোধী' নেতা মোহামেদ  
মুইজ্জু

আশুলিয়ায় স্বামী-স্ত্রী ও সন্তানের  
গলাকাটা মরদেহ উদ্ধার

ফ্রিল্যান্সারদের রেমিট্যান্সের ওপর  
কর আরোপ করা হয়নি : এনবিআর

মাঠ প্রশাসনের নির্বাচনি প্রশিক্ষণ  
শুরু আজ

কেন এই স্যাংশন জানি না, আরও<sup>ও</sup>  
দিতে পারে, তাদের ইচ্ছা : শেখ  
হাসিনা

পুলিশের মামলায় জেলে থাকা  
তাসফিয়ার পরীক্ষা এক সপ্তাহ পর

সেন্টমাটিনে আটকা পড়েছেন ২  
শতাধিক পর্যটক

ডেঙ্গু